গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, ঝিনাইদহ পওর বিভাগ

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ১৪

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the District/Circle Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বন্যার ক্ষয় ক্ষতি হতে দেশের জন সাধারণের জানমাল রক্ষা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ঝিনাইদহ পওর বিভাগ বন্যানিয়ন্ত্রণ, নদী ভাঙ্গনরোধ ও সেচ ব্যবস্থাপনা উন্নয়নে কাজ করছে। ঝিনাইদহ পওর বিভাগের অধিক্ষেত্র ৬টি উপজেলা। গঙ্গা-কপোতাক্ষ সেচ প্রকল্প (জি.কে. সেচ প্রকল্প) বাংলাদেশের একটি অন্যতম বৃহৎ সেচপ্রকল্প। উক্ত প্রকল্প মাগুরা, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা এবং কুষ্টিয়া এলাকা পর্যন্ত বিস্তৃত। জি.কে সেচ প্রকল্পের এর আওতায় ঝিনাইদহ পওর বিভাগে খরিফ-২ এ সেচযোগ্য জমির পরিমান ২৭৫৭০ হেক্টর লক্ষ মাত্রার বিপরীতে ২১৫৩৮ হেক্টরে ও রবি মৌসুমে সেচযোগ্য জমির পরিমান ১০৩৯০ হেক্টর লক্ষমাত্রার বিপরীতে ৪১৪৫ হেক্টরে সেচ প্রদান করা হয়েছে এবং খরিফ-১ এ সেচযোগ্য জমির পরিমান ২২৫৫ হেক্টর লক্ষমাত্রা অর্জনে নিবিড় মনিটরিং অব্যাহত আছে। অত্র বিভাগের আওতায় শৈলকুপা উপজেলাধীন গড়াই নদীর ডান তীরে ০.৯০০ কিঃমিঃ অংশে অস্থায়ী সংরক্ষণমূলক কাজ বাস্তবায়িত হয়েছে। ফলে তৎসংলগ্ন এলাকাসমুহ নদী ভাংগন হতে রক্ষা পেয়েছে । জনগনের স্থায়ী ও অস্থায়ী সম্পদ তথা ঘরবাড়ী মসজিদ স্কুল রক্ষা করা হয়েছে। সর্বোপরি দারিদ্র বিমোচন ও আর্থসামাজিক উন্নয়নের সহায়ক ভূমিকা রয়েছে।
ঝিনাইদহ জেলায় "৬৪টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্পের(১ম পর্যায়) আওতায় মোট ৯৩.৩৯৬ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন করা হয়েছে। ফলে তৎসংলগ্ন এলাকার জনগনের আর্থসামাজিক উন্নয়ন, এলাকার যাতায়াত সমস্যা দূরীকরণ, মৎস উৎপাদন বৃদ্ধি, পরিবেশগত ভারসাম্য রক্ষা, প্রকল্প এলাকায় দারিদ্রসীমা হ্রাসকরণ সাম্প্রতিক অর্জিত সাফল্যের অন্যতম।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

প্রকৃতিগত ভাবে পদ্মা,মাথাভাঙ্গা,মধুমতি,নবগঙ্গা,গড়াই ও চিত্রা সহ অন্যান্য নদীতে পলি জমার কারনে নদীর তলদেশ ভরাট হয়ে নদীর পানি ধারণ ক্ষমতা হ্রাস পাচ্ছে। ফলে বর্ষা মৌসুমে উজান থেকে অতিরিক্ত পানি প্রবাহের কারনে নদীতীর ভাঙ্গনসহ অবকাঠামোসমূহ ভাঙ্গনের সম্মুখীন হয়। অন্যান্য সেক্টরে সারা বছর কাজ করার সুযোগ থাকলেও পানি সম্পদ সেক্টরে অক্টোবর মাসে বন্যার পানি কমার পর হতে শুরু করে নভেম্বর-এপ্রিল মাত্র ৬ (ছয়) মাস সর্বোচ্চ পাওয়া যায় কাজ সম্পাদনের জন্য। এই অতি সীমিত সময়কালের মধ্যে বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগ সমস্যার উত্তরণ করে টেকসই ভৌতকাজ বাস্তবায়ন এ সেক্টরের প্রধান চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

"৬৪টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্পের(২য় পর্যায়) এর আওতায় ঝিনাইদহ জেলার সদর, হরিণাকুন্ডু, শৈলকুপা, কালীগঞ্জ, কোটচাঁদপুর এবং মহেশপুর উপজেলায় মোট ৫টি নদী ও ৬৬টি নিস্খাকাশন খাল পুনঃখনন করার প্রস্তাবনা রয়েছে এবং প্রকল্পটি অনুমোদনের অপেক্ষায় আছে। "গড়াই-মধুমতি নদীর ভাঙ্গন হতে মাগুরা জেলার শ্রীপুর উপজেলা ও ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার অতি ভাঙ্গনপ্রবণ এলাকা সমুহ রক্ষা প্রকল্প'', গঙ্গা-কপোতাক্ষ সেচ প্রকল্প- এর পুনর্বাসন প্রকল্প এছাড়া চুয়াডাঙ্গা, ঝিনাইদহ ও মাগুরা জেলার কুমার নদী খনন প্রকল্পের ডিপিপি প্রণনয় কাজ চলমান রয়েছে।

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- জরুরী কাজের মাধ্যমে ১ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ, ২০টি সেচ ও নিস্কাশন অবকাঠামো মেরামত। এছাড়াও পরিবেশের ভারসাম্য রক্ষা ও সেচ সুবিধার জন্য ১৬.০০ কিঃমিঃ সেচ খাল খনন/ পুনঃখনন এবং ১৫.০০ কিঃমিঃ নিস্কাশন খাল পুনঃখনন । এছাড়াও, বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভুক্ত কার্যক্রম বাস্তবায়ন পরিচালিত হবে। ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলায় বড়ুরিয়া, মাদলা ও লাঙ্গলবাধ নামক স্থানে ৩ কিঃমিঃ দৈর্ঘ্যে গড়াই নদীর ডান তীরে তীর প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়নের লক্ষে ডিপিপি প্রনয়ন, নকশা প্রস্তুত, কারিগরি কমিটির প্রতিবেদন ইত্যাদি আনুসঙ্গিক কার্যাদি সম্পন্ন করা হচ্ছে। আনুমানিক প্রকল্প ব্যয় ২১০ কোটি টাকা হবে, যা একনেক কমিটিতে অনুমোদন স্বাপেক্ষে বাস্তবায়ন করা হবে।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, ঝিনাইদহ পওর বিভাগ

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল-এর মধ্যে ২০২৪ সালের ....জুন.... মাসের ....২৩.... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা।

১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদেরসুষম ও সমন্বিতপানি ব্যবস্থাপনার মাধ্যমেজনগনের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সেচ ব্যবস্থা সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন;

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচীর আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
বন্যা ঝুঁকি হ্রাস	১১০ লক্ষ হেক্টরবন্যামুক্ত ও পানি নিষ্কাশন এলাকার কভারেজ (ক্রমপুঞ্জিভূত) (অত্র জোনে ৬.১২ লক্ষ হেক্টর)	শতাংশ	৫৯.০৫	৫৯.৫৫	৬০.০৫	৬০.৫৫	৬১.৫০	দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ	পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন
সেচ এলাকা এবং শস্য নিভিরতা বৃদ্ধি	১৬.৩৫ লক্ষ হেক্টরসেচ এলাকা এবং শস্য নিভিড়তার কভারেজ (ক্রমপুঞ্জিভূত)	শতাংশ	৬৯.৮৩	৭০.০৩	৭০.২৩	৭০.৪৩	৭০.৬৩	কৃষি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ	পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সেচ ব্যবস্থা সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন;	৭০	[১.১] ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ	[১.১.১] সেচ খাল পুনঃখনন	সমষ্টি	কিঃমিঃ	৩০	১০	৩৫	১৬	১৫	১৩	১২	১০	১৮	২০
			[১.১.২] সেচ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/ পুনর্বাসন	সমষ্টি	সংখ্যা	২০	২০	২০	১৪	১২	১০	৮	৬	১৬	১৮
		[১.২] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি	[১.২.১] নিষ্কাশন খাল পুনঃখনন	সমষ্টি	কিঃমিঃ	২০			১৫	১৩	১২	১০	৯	১২	১০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, নির্বাহী প্রকৌশলী, ঝিনাইদহ পওর বিভাগ, তত্তাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, তত্তাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল হিসাবে নির্বাহী প্রকৌশলী, ঝিনাইদহ পওর বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

(মোঃ জাহিদুল ইসলাম)
নির্বাহী প্রকৌশলী
ঝিনাইদহ পানি উন্নয়ন বিভাগ

নির্বাহী প্রকৌশলী
ঝিনাইদহ পওর বিভাগ

তারিখ ২৬/০৬/২০২৪

26/06/24

(Md. Abdul Hamid)
ID No. 731201001
Superintending Engineer
Kushtia O&M Circle
BWDB, Kushtia

তত্তাবধায়ক প্রকৌশলী
কুষ্টিয়া পওর সার্কেল

২৬/০৬/২০২৪

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	ওয়ারপো	ওয়াটার রিসোর্সেস প্লানিং অর্গানাইজেশন
২	জিকে	গঙ্গা কপোতাক্ষ
৩	নগই	নদী গবেষনা ইনিস্টিটিউট
৪	পওর	পরিচালন ও রক্ষণাবেক্ষণ
৫	বাপাউবো	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ	[১.১.১] সেচ খাল পুনঃখনন	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র
	[১.১.২] সেচ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/ পুনর্বাসন	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র
[১.২] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি	[১.২.১] নিষ্কাশন খাল পুনঃখনন	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ	সেচ খাল পুনঃখনন	জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ	নদী/খাল খননের এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা থাকলে তা উচ্ছেদ না করা পর্যন্ত কাজ পরিচালনা করা যায়না। নদী/খাল খননের নির্ধারিত এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে যথাদ্রুত ও নিয়মিত উচ্ছেদের জন্য জেলা প্রশাসন হতে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ ফোর্স প্রয়োজন হবে। এ বিষয়ে বাপাউবো হতে জেলা প্রশাসন ও জেলা পুলিশের সাথে পত্র যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে।
ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ	সেচ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/ পুনর্বাসন	জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ	নদী/খাল খননের এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা থাকলে তা উচ্ছেদ না করা পর্যন্ত কাজ পরিচালনা করা যায়না। নদী/খাল খননের নির্ধারিত এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে যথাদ্রুত ও নিয়মিত উচ্ছেদের জন্য জেলা প্রশাসন হতে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ ফোর্স প্রয়োজন হবে। এ বিষয়ে বাপাউবো হতে জেলা প্রশাসন ও জেলা পুলিশের সাথে পত্র যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে।